দৈনিক সং…

[illegible] 21 AUG 1987
পৃষ্ঠা ৫ কলাম ৩

বঞ্চনার ফাঁদে আত্মীকৃত কলেজ শিক্ষকবৃন্দ

গত ১-১০-৮১ তারিখের সরকারী নির্দেশ মোতাবেক ২১-১২-৮৩ পর্যন্ত প্রয়োজনীয় সময়কাল উত্তীর্ণ সকলকে এবং ৩০-৬-৮৫ পর্যন্ত শতকরা হারে টাইম স্কেল দেয়া হয়েছে। এ সময়-কালের মধ্যে যদি পদোন্নতি দেয়া হত তাহলে জাতীয়কৃত কলেজের একজন শিক্ষক, যার ৮ বছর বা ১২ বছর সরকারী চাকরিকাল পূর্ণ হয়নি, কিন্তু আত্মীকরণ বিধিমালা মোতাবেক বেসরকারী চাকরিকালের ৫০% (বাকী ৫০% মুছে ফেলে দিয়ে) এফেকটিভ সার্ভিস যোগ করে ৮ বা ১২ বছরের অনেক ওপরে চলে গেছেন তার সহকারী বা সহযোগী অধ্যাপক হিসেবে পদোন্নতি হতো। আর এসময়ে পি,এস,সি'র মাধ্যমে সরাসরি-ভাবে নিয়োগপ্রাপ্ত একজন শিক্ষক যার চাকরিকাল সবেমাত্র ৮ বা ১২ বছর পূর্ণ হয়েছে তার পদোন্নতির সম্ভাবনা ছিল ন্যূনতম। এ সময়সীমার মধ্যে পদোন্নতির বিকল্প হিসেবে টাইমস্কেল চালু করা হলো। কিন্তু এক দুর্বোধ্য কারণে এফেকটিভ সার্ভিস ধরা হলোনা। শুধুমাত্র সরকারী চাকরিকাল বিবেচনা করায় যাঁর পদোন্নতি হওয়ার কোন সম্ভাবনাই ছিল না, তাঁর বেতন, যার পদোন্নতিই নিশ্চিত ছিল তাঁর চেয়ে অনেক বেড়ে গেল। একজন আত্মীকৃত শিক্ষক আর্থিক সুবিধা থেকে বঞ্চিত হলেন এবং তাঁর জ্যেষ্ঠতা (পদোন্নতির ক্ষেত্রে যা বিবেচিত হতো) দারুণভাবে হাস্যকর হয়ে পড়লো। অবমাননার এখানেই শেষ নয়, তাঁদের থেকে অনেক কনিষ্ঠ বেসরকারী কলেজের একজন শিক্ষকও ৮ বছর চাকরিকাল পূর্তিতে টাইম স্কেল পেয়েছেন। আত্মীকৃত একজন শিক্ষক যদি পূর্ব অবস্থাতেও থাকতেন এই সম্মান ও আর্থিক সুবিধা থেকে তিনি বঞ্চিত হতেন না। এ অনভিপ্রেত অবস্থা দূরীকরণে শিক্ষক সংগঠনগুলো বার বার আশ্বাস দিয়েছে। কিন্তু কার্যক্ষেত্রে তারা অন্যান্য দাবীর সাথে এটিকে জড়িয়ে দেয়ায় এটি গুরুত্ব পায়নি। নয়তো উর্ধতন কর্তৃপক্ষের নিকট বিষয়টি যথাযথভাবে উপস্থাপন করে আত্মীকৃত শিক্ষকবৃন্দকে অদ্যাবধি টাইম স্কেলের আওতাভুক্ত করতে লজ্জাজনকভাবে ব্যর্থ হয়েছেন। নিঃসন্দেহে এটি দাবী নয়। এটি পাওনা আর তা কার্যকরী হলে কোনও পক্ষেরই স্বার্থহানি ঘটবে না। উক্ত নির্দিষ্ট সময়কালের মধ্যে এফেকটিভ সার্ভিসসহ টাইমস্কেলের আওতাভুক্ত করে এই বঞ্চনা, হতাশা আর অবমাননার হাত থেকে আত্মীকৃত শিক্ষকবৃন্দকে আশু মুক্তির জন্য শিক্ষক সমাজের মর্যাদা রক্ষায় দৃঢ়প্রতিজ্ঞ মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় শিক্ষা মন্ত্রী মহোদয় এবং সহৃদয় শিক্ষা সচিব সমীপে জোর আবেদন করছি।

ন্যায্যপ্রাপ্য বঞ্চিত একজন
আত্মীকৃত কলেজ শিক্ষক।